

■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫৭

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কেবলমাত্র নিজের জন্য দু'আ করা ইমামের জন্য মাকরুহ।

بَابٌ مَا جَاءَ فِي كَرَاهِيَّةِ أَنْ يَخُصُّ الْإِمَامُ نَفْسَهُ بِالدُّعَاءِ

আরবী

حَدَّثَنَا عَلَيْ بْنُ حُجْرٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ، حَدَّثَنِي حَبِيبُ بْنُ صَالِحٍ، عَنْ يَزِيدَ بْنِ شُرَيْحٍ، عَنْ أَبِي حَيِّيِ الْمُؤَذِّنِ الْحِمْصِيِّ، عَنْ ثَوْبَانَ، عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " لَا يَحِلُّ لِأَمْرِئٍ أَنْ يَنْظُرَ فِي جَوْفِ بَيْتِ امْرِئٍ حَتَّى يَسْتَأْذِنَ فَإِنْ نَظَرَ فَقَدْ دَخَلَ وَلَا يَوْمًا قَوْمًا فَيَخُصُّ نَفْسَهُ بِدَعْوَةِ دُونَهُمْ فَإِنْ فَعَلَ فَقَدْ خَانَهُمْ وَلَا يَقُولُ إِلَى الصَّلَاةِ وَهُوَ حَقِّنُ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَأَبِي أُمَّامَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ثَوْبَانَ حَدِيثُ حَسَنٍ . وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ عَنْ مُعاوِيَةَ بْنِ صَالِحٍ عَنِ السَّفَرِ بْنِ نُسَيْرٍ عَنْ يَزِيدَ بْنِ شُرَيْحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . وَرُوِيَ هَذَا الْحَدِيثُ عَنْ يَزِيدَ بْنِ شُرَيْحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . وَكَانَ حَدِيثُ يَزِيدَ بْنِ شُرَيْحٍ عَنْ أَبِي حَيِّيِ الْمُؤَذِّنِ عَنْ ثَوْبَانَ فِي هَذَا أَجْوَدُ إِسْنَادًا وَأَشْهَرُ .

বাংলা

৩৫৭. আলী ইবনু হজর (রহঃ) সাওবান রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ অনুমতি ব্যতীত কারো ঘরের ভিতর দৃষ্টিপাত করা জায়েয নয়। কেউ যদি কারো ঘরের ভিতর দৃষ্টিপাত করে, তবে তো সে তাতে প্রবেশই করে ফেলল। কোন সম্প্রদায়ের ইমামতি করে দু'আর বেলায় তাদের বাদ দিয়ে কেবল নিজের জন্য দু'আ করবে না। এরূপ করলে তাদের সাথে খিয়ানত করা হবে। পেশাব-পায়খার বেগরুদ্ধ করা অবস্থায় কেউ সালাতে দাঁড়াবে না। - "পেশাব-পায়খার বেগরুদ্ধ করা অবস্থায় কেউ সালাতে দাঁড়াবে না" হাদিসের এই অংশ সহিহঃ ইবনু মাজাহ ৬১৭, বাকিটুকু যইফঃ যইফ আবু দাউদ ১১-১২, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৫৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবু হুরায়রা ও আবু উমামা রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবু ঈসা তিরমিয়ী (রহঃ) বলেন : সাওবান রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান। এই হাদীসটি মুআবিয়া ইবনু সালিহ

... সাফর ইবন নুসায়র ... ইয়াযীদ ইবনু শুরায়হ ... আবু উমামা রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত আছে। ইয়াযীদ ইবনু শুরায়হ আবু হাই আল-মুআয়িন ... সাওবান রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত হাদীসটি সনদের দিক থেকে অধিক উত্তম ও প্রসিদ্ধ।

English

Thawban narrated that :

the Prophet said: "It is not allowed for a man to look into the interior of a man's house until he has been given permission, for if he looks, then he has entered. And one who leads people (in Salat) should not supplicate for himself alone with the exclusion of his congregation. If he does, then he has betrayed them. And one is not to stand for Salat while he has to urinate."

হাদিসের মান: সহিহ/ষষ্ঠফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17546>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন